

## মেশিন রিডেবল পাসপোর্ট (এম.আর.পি.) এর আবেদনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা

- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর আবেদনের জন্য প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশ সরকারের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ১৭ ডিজিট জন্ম নিবন্ধন বা Birth Registration নম্বর সম্বলিত জন্মসনদপত্র অথবা ১৩/১৭ ডিজিট নম্বর সম্বলিত ভোটার আইডি কার্ড থাকতে হবে। যাদের এই দুইটির মধ্যে যে কোন একটি আছে তারা প্রত্যেকেই বাংলাদেশ সহকারী হাইকমিশন, ম্যানচেস্টার-এ ফোন নং-০১৬১-২৩৬-৪৮৫৩ এ টেলিফোন করে অফিস চলাকালীন সময়ে এমআরপি-এর জন্য এপয়েন্টমেন্ট নিতে পারেন।

### জন্মসনদপত্রের জন্য আবেদনের প্রক্রিয়া :

- যদি ১৭ ডিজিট সম্বলিত জন্মসনদপত্র অথবা ১৩/১৭ ডিজিট সম্বলিত ভোটার আইডি কার্ড কোন আবেদনকারীর কাছে না থাকে, তবে তাকে বাংলাদেশ হতে পাসপোর্ট বা জন্মসংক্রান্ত উপযুক্ত প্রমাণ অনুসারে <http://br.lgd.gov.bd> (Please download AVRO keyboard from Internet for filling up the form in Bangla and English) পাতায় ভিজিট করে অনলাইন জন্মনিবন্ধন আবেদন করতে হবে। যারা ইউ.কে. (U.K.) তে জন্মগ্রহণ করেছেন তাদের ক্ষেত্রে ইউ.কে. (U.K.) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বার্থ সার্টিফিকেট যেখানে বাবা ও মা দুজনের নাম লেখা আছে এবং বাবা ও মা-এর মূল পাসপোর্ট অনুযায়ী উক্ত Website এ log on করে অনলাইন জন্মনিবন্ধন আবেদন করতে হবে। অতঃপর অনলাইন আবেদন পত্রের প্রিন্টকপি, এক কপি পাসপোর্ট সাইজের ছবি এবং বাংলাদেশী পাসপোর্টের ১-৭ পাতার ফটোকপি নিয়ে ১০ দিনের মধ্যে বাংলাদেশ সহকারী হাইকমিশন, ম্যানচেস্টার-এ হাজির হয়ে £3/- (তিন পাউন্ড) ফি (ডেবিট কার্ড বা পোস্টাল অর্ডার এর মাধ্যমে) প্রদান করে জন্মসনদপত্র গ্রহণ করতে হবে। ইউ.কে. (U.K.) তে জন্মগ্রহণকারীদের ক্ষেত্রে ইউ.কে. (U.K.) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বার্থ সার্টিফিকেট যেখানে বাবা ও মা দুজনের নাম লেখা আছে এবং বাবা ও মা-এর পাসপোর্টের কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- ডাকযোগে জন্ম নিবন্ধনের আবেদন করলে পোস্টাল অর্ডারের মাধ্যমে ফি পরিশোধ করতে হবে।

### মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্যে এপয়েন্টমেন্টে পাওয়ার পরের কার্যক্রম :

- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর এপয়েন্টমেন্টের দিনের সর্বোচ্চ ১৫ (পনের) দিন পূর্বে [www.passport.gov.bd](http://www.passport.gov.bd) অথবা [www.bahcmanchester.org.uk](http://www.bahcmanchester.org.uk) তে লগ অন করে অনলাইন-এ মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর আবেদন পত্র দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- (১) যদি [www.bahcmanchester.org.uk](http://www.bahcmanchester.org.uk) তে লগ অন করে থাকেন তাহলে “Apply for MRP Online” এ ক্লিক করুন।
- (২) “Application ID” ও “Password” এর ঘরদ্বয় উপেক্ষা করুন।
- (৩) ওয়েব সাইটে অনলাইন আবেদনপত্র পূরণ করার নির্দেশাবলী মনযোগ সহকারে দেখার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- (৪) নির্দেশাবলী পড়া শেষ হলে স্ক্রীনের একদম নিচে বামে “I have read the above information and the relevant guidance notes” এর উপর ক্লিক করুন।
- (৫) এবার ঠিক ডান দিকে “Continue to Online Enrolment” এ ক্লিক করুন।
- (৬) প্রতিটি ঘর পূরণ করুন, বিশেষতঃ তারকা চিহ্নিত (“\*”) ঘরসমূহ পূরণ করা বাধ্যতামূলক।
- (৭) আপনার যদি জন্ম সনদপত্র (১৭ ডিজিট সম্বলিত) অথবা জাতীয় পরিচয়পত্র না থাকে, তাহলে সেই ঘর সমূহে সব শূন্য (“0”) দিয়ে পূরণ করুন।
- (৮) আপনি যদি দেখেন যে আপনার আবেদন পত্রটি পরিপূর্ণ/সম্পূর্ণরূপে পূরণ করা হয়েছে তাহলে তাৎক্ষণিক দাখিল করার জন্য “Save and Next” এ ক্লিক করুন।
- (৯) আর যদি মনে করেন যে, কিছু তথ্য অসম্পূর্ণ রয়ে গেছে যা পরবর্তীতে পূরণ করে দাখিল করতে পারবেন, তাহলে “Save now and continue in the future” এ ক্লিক করুন।
- (১০) সঠিকভাবে এবং সম্পূর্ণভাবে আবেদনপত্রটি পূরণ হয়ে থাকলে সাবমিট (Submit) এ ক্লিক করে সাবমিট করতে হবে। আবেদন কালে প্রদত্ত আপনার ই-মেইলে স্বয়ংক্রিয়ভাবে আবেদন পত্রটি প্রিন্ট-এর লিংক চলে যাবে। সেখান থেকে চার (০৪) পাতার পূরণকৃত একটি আবেদন পত্র প্রিন্ট করা যাবে যার প্রথম পাতার উপরের ডান পার্শ্ব বারকোডসহ “Application ID” নম্বর থাকবে।

